‘কোহলি-রোহিত টি-টোয়েন্টিতে আর চলে না’

ক্রিকেট বিশ্বের বর্তমান সময়ের অন্যতম সেরা দুই তারকা হলেন বিরাট কোহলি ও রোহিত শর্মা। ভারতের সাবেক এবং বর্তমান অধিনায়ককে নিয়ে বিস্ফোরক মন্তব্য করেছেন সাবা করিম।

চলতি আইপিএলে দুর্দান্ত পারফরম্যান্স করছেন রাজস্থান রয়েলসের ২১ বছর বয়সী তরুণ ওপেনার যাশাসবি জয়সওয়াল। গত বৃহস্পতিবার কলকাতা নাইট রাইডার্সের বিপক্ষে আইপিএল ইতিহাসে ১৩ বলে ফিফটির রেকর্ড গড়েন তিনি।

এদিন ৪৭ বলে ১২টি চার আর ৫টি ছক্কার সাহায্যে ৯৮ রানের বিধ্বংসী ইনিংস খেলে দলকে জয় উপহার দেন জসওয়াল। আইপিএলের চলতি আসরে ১২ ম্যাচে ৫৭৫ রান করে দ্বিতীয় পজিশনে রয়েছেন তিনি। তার চেয়ে মাত্র ১ রান বেশি করে শীর্ষে আছেন রয়েল চ্যালেঞ্চার্স বেঙ্গালুরুর অধিনায়ক ফাফ ডু প্লেসি।

রাজস্থানের তরুন তারকা ওপেনার জসওয়ালের ভুয়সী প্রশংসা করে ভারতীয় ক্রিকেট দলের সাবেক প্রধান নির্বাচক সাবা করিম একটি টুইট করেছেন।

সেই টুইটে জসওয়াল লেখেন, জসওয়ালের ব্যাটিং দেখলেই স্পষ্ট বুঝা যায়, রোহিত শর্মা ও বিরাট কোহলির ব্যাটিং টি-টোয়েন্টিতে আর চলে না।

সেই টুইটটি ভারতীয় কিংবদন্তি ক্রিেকোর অনিল কুম্বলে, ধারাভাষ্যকার হার্ষা ভোগলেকে ট্যাগ করেন সাবা করিম।

সূত্র: যুগান্তর

বৃষ্টির বাধায় টস হতে দেরি

প্রথম ম্যাচ বৃষ্টিতে পণ্ড হয়ে যায়। বাংলাদেশ-আয়ারল্যান্ডের দ্বিতীয় ওয়ানডেতেও বাগড়া দিয়েছে বৃষ্টি। আর তাই নির্ধারিত সময়েও হয়নি টস। এখনও বৃষ্টি পড়ছে।

ইংল্যান্ডের চেমসফোর্ডের ক্লাউড কাউন্টি গ্রাউন্ডে শুক্রবার (১২ মে) বাংলাদেশ সময় বিকেল ৩.৪৫ মিনিটে ম্যাচটি শুরু হওয়ার কথা ছিল। নির্ধারিত সময়ে টস না হওয়ায় খেলা শুরু হতেও দেরি হবে।

দিনের শুরুতে বৃষ্টি ছিল না। বাংলাদেশ এবং আয়ারল্যান্ড দল যখন মাঠে প্রবেশ করে তখন আকাশ বেশ রোদ ঝলমলে ছিল। মাঠে অনুশীলনও করেছেন ক্রিকেটাররা।

কিন্তু টসের আগেই বাংলাদেশ সময় ৩টার পর থেকে বৃষ্টি শুরু হয়। তবে বৃষ্টির মাত্রা আগের দিনের মতো না। আপাতত আম্পায়াররা মাঠ পরিদর্শন করেছেন। ধারণা করা হচ্ছে বাংলাদেশ সময় বিকেল ৫টার পর বৃষ্টি থামতে পারে। তাহলে ৩০ ওভারে ম্যাচটি হতে পারে।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপ খেলতে রাজি পাকিস্তান!

২০২৩ সালে অনুষ্ঠিত হবে এশিয়া কাপ ক্রিকেট ও ওয়ানডে বিশ্বকাপ। তবে ভারতের সঙ্গে বিরোধের জেরে এশিয়া কাপ ও বিশ্বকাপ বয়কটের ঘোষণা দেন পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যান নামাজ শেঠি। তবে ওয়ানডে বিশ্বকাপে ভারত সফরে রাজি পাকিস্তান ক্রিকেট দল। ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ক্রিকবাজের এক প্রতিবেদনে এ কথা বলা হয়।

প্রতিবেদনে বলা হয়েছে, এ বছরের ওয়ানডে বিশ্বকাপের উদ্বোধনী এবং ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে আহমেদাবাদে নরেন্দ্র মোদী

স্টেডিয়ামে। ৫ অক্টোবর ইংল্যান্ড এবং নিউজিল্যান্ডের মধ্যকার ম্যাচ দিয়ে শুরু হবে শুরু হবে বিশ্বকাপ। ১৯ নভেম্বর ফাইনাল দিয়ে পর্দা নামবে বিশ্বকাপের। ১৫ অক্টোবর আহমেদাবাদেই বিশ্বকাপের সবচেয়ে আকর্ষণীয় ভারত-পাকিস্তান ম্যাচ অনুষ্ঠিত হবে। চেন্নাইয়ের অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করবে ভারত।

সূচি এবং ভেন্যু চূড়ান্ত হলেও ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) পর আনুষ্ঠানিকভাবে তা ঘোষনা করা হবে। এর মধ্যে তারিখ এবং ভেন্যুতে পরিবর্তন করতে পারবে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। প্রতিবেদনে উল্লেখযোগ্য বিষয় হলো, এশিয়া কাপ নিয়ে বিসিসিআই এবং পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) মধ্যে কোন সমাধান না হলেও আইসিসি প্রতিযোগিতার জন্য ভারত সফরে সম্মত হয়েছে পাকিস্তান। সাম্প্রতিক সময়ে এশিয়া কাপ নিয়ে পাকিস্তানের হাইব্রিড মডেলের প্রস্তাব প্রত্যাখ্যান করে বাংলাদেশ ও শ্রীলঙ্কা। এতে টুর্নামেন্টটি শ্রীলঙ্কায় সরে যেতে পারে।

চূড়ান্ত না হলে প্রতিবেদনে বলা হয়েছে, নিজেদের ম্যাচগুলো আহমেদাবাদ- হায়দারাবাদ-চেন্নাই এবং ব্যাঙ্গালুরুতে খেলবে পাকিস্তান। এর আগে আইসিসির একটি সূত্র সংবাদ সংস্থা পিটিআইকে বলেছিলো, বিশ্বকাপে নিজেদের বেশিরভাগ ম্যাচ চেন্নাই এবং কলকাতায় খেলতে চায় পাকিস্তান।

সূত্র: ওয়েবসাইট ক্রিকবাজ

আইসিসির এপ্রিল সেরা ফখর জামান

‘আইসিসি প্লেয়ার অব দ্য মান্থ’এ এপ্রিল মাসের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন পাকিস্তানের ওপেনার ফখর জামান। নিউজিল্যান্ডের মার্ক চ্যাপম্যান ও শ্রীলঙ্কার প্রবাথ জয়সুরিয়াকে পেছনে ফেলে এপ্রিলের সেরার পুরস্কার জিতেছেন ফখর।

মঙ্গলবার (৯ মে) এপ্রিল মাসের সেরা ক্রিকেটারের নাম প্রকাশ করে বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি)।

এপ্রিল মাসের শেষের দিকে ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচ সিরিজের প্রথম দুই ওয়ানডেতেই জোড়া সেঞ্চুরি করেন ফখর। দুই ওয়ানডেতে যথাক্রমে ১১৭ ও অপরাজিত ১৮০ রানের ম্যাচ জয়ী ইনিংস খেলেন পাকিস্তানি এই ওপেনার। দুই সেঞ্চুরিতে প্রথমবারের মত আইসিসি ওয়ানডে র্যাংকিংয়ে ব্যাটারদের তালিকায় দ্বিতীয়স্থানে উঠে আসেন তিনি।

২০২২ সালের নভেম্বরের পর আবারও পাকিস্তানের কোন ক্রিকেটার হিসেবে ‘আইসিসি প্লেয়ার অব দ্য মান্থ’-নির্বাচিত হলেন ফখর। সর্বশেষ পাকিস্তানের নারী ক্রিকেটার সিদরা আমিন মাসসেরা হয়েছিলেন।

এপ্রিল মাসের সেরা খেলোয়াড় নির্বাচিত হবার পর ফখর বলেন, ‘এপ্রিলের প্লেয়ার অব দ্য মান্থ হওয়া আমার জন্য সত্যিকার অর্থেই অনেক গর্বের। এটি আমার ক্যারিয়ারের জন্য গুরুত্বপূর্ণ এবং লাহোর, রাওয়ালপিন্ডি ও করাচির দর্শকদের সামনে পারফর্ম করা দারুণ অনুভূতির।’

তিনি আরও বলেন, ‘রাওয়ালপিন্ডিতে ব্যাক টু ব্যাক সেঞ্চুরি আমি সত্যি উপভোগ করেছি। তবে দ্বিতীয় ম্যাচে অপরাজিত ১৮০ রানের ইনিংসটি আমার প্রিয়। বিশ্বকাপেও এই ধারাবাহিকতা ধরে রাখার ব্যাপারে আমি আশাবাদী এবং পারফরম্যান্স দিয়ে পাকিস্তানের ক্রিকেটের ভক্তদের খুশি এবং গর্বিত করতে চাই।’

সূত্র: ইত্তেফাক

১০০ রানে সাজঘরে সেরা তিন তারকা

ইংল্যান্ডের চেমসফোর্ডে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলছে বাংলাদেশ-আয়ারল্যান্ড ক্রিকেট দল। মঙ্গলবার শুরু হওয়া সিরিজের প্রথম ম্যাচে দুটি পরিবর্তন নিয়ে খেলছে টাইগাররা।

গত মার্চে আয়ারল্যান্ডের বিপক্ষে ঘরের মাঠে সর্বশেষ ওয়ানডে দলে ছিলেন তারকা পেসার তাসকিন আহমেদ। চোটের কারণে চলতি সিরিজে নেই দেশের গতিময় এই পেসার।

মার্চে আয়ারল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে দলে ছিলেন বাঁহাতি স্পিনার নাসুম আহমেদ। চলতি সিরিজে তাকে বাদ দিয়ে খেলানো হচ্ছে আরেক বাঁহাতি স্পিনার তাইজুল ইসলামকে।

পেস বোলার তাসকিন আহমেদ ও বাঁহাতি স্পিনার নাসুম আহমেদের পরিবর্তে আজ ইংল্যান্ডের চেমসফোর্ডে খেলছেন পেসার শরিফুল ইসলাম ও স্পিনার তাইজুল ইসলাম।

বাংলাদেশ দল: তামিম ইকবাল (অধিনায়ক), লিটন দাস, নাজমুল হোসেন, মুশফিকুর রহিম, সাকিব আল হাসান, তাওহিদ হৃদয়, মেহেদি হাসান মিরাজ, শরিফুল ইসলাম, হাসান মাহমুদ, এবাদত হোসেন ও তাইজুল ইসলাম।

সূত্র : যুগান্তর

দ্বিতীয়স্থানে থেকে বিশ্বকাপের মঞ্চে খেলার সুযোগ বাংলাদেশের

আগামীকাল (৯ মে) থেকে শুরু হতে যাওয়া বাংলাদেশ-আয়ারল্যান্ডের মধ্যকার তিন ম্যাচের ওয়ানডে সিরিজ দিয়ে শেষ হচ্ছে আইসিসি বিশ্বকাপ সুপার লিগের লড়াই। সুপার লিগে পয়েন্ট টেবিলের সেরা সাত দল ও স্বাগতিক দল ভারত সরাসরি খেলবে আগামী বিশ্বকাপে। এই আট দলের সঙ্গে বিশ্বকাপে খেলার সুযোগ পাবে আরও দু’টি দল। আগামী জুনে অনুষ্ঠেয় কোয়ালিফাইয়ারের সেরা দুই দল পাবে বিশ্বকাপের টিকিট।

এখন পর্যন্ত বিশ্বকাপ সুপার লিগে ২১ ম্যাচে ১৩ জয় ও ৮ হারে ১৩০ পয়েন্ট নিয়ে টেবিলের চতুর্থস্থানে আছে বাংলাদেশ। আয়ারল্যান্ডের বিপক্ষে ৩-০ ব্যবধানে সিরিজ জিতলে, সুপার লিগে ২৪ ম্যাচে বাংলাদেশের পয়েন্ট হবে ১৬০। তাতে পয়েন্ট টেবিলের দ্বিতীয়স্থানে

থেকে সুপার লিগ পর্ব শেষ করার সুযোগ পাচ্ছে টাইগাররা।

আয়ারল্যান্ডকে ৩-০ ব্যবধানে হারাতে পারলে বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, ভারত-পাকিস্তানের মত বড় দলগুলোকে পেছনে ফেলে সুপার লিগ পয়েন্ট টেবিলের দ্বিতীয়স্থানে থেকে আগামী অক্টোবর-নভেম্বরে ভারতের মাটিতে বিশ্বকাপে খেলতে নামার সুযোগ পাবে বাংলাদেশ।

বর্তমানে ২৪ ম্যাচ শেষে ১৭৫ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে রয়েছে নিউজিল্যান্ড। সমানসংখ্যক ম্যাচে ১৫৫ পয়েন্ট নিয়ে টেবিলের দ্বিতীয়স্থানে আছে ইংল্যান্ড। ২১ ম্যাচে ১৩৯ পয়েন্ট নিয়ে টেবিলের তৃতীয়স্থানে রয়েছে ভারত।

বিশ্বকাপ সুপার লিগে এখন পর্যন্ত মোট ৭টি ওয়ানডে সিরিজ খেলেছে বাংলাদেশ। এর মধ্যে ৫টিতে জিতেছে এবং ২টিতে হেরেছে টাইগাররা। সবগুলোই তিন ম্যাচের সিরিজ ছিলো।

২০২১ সালের জানুয়ারি ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ দিয়ে সুপার লিগ পর্ব শুরু করেছিলো বাংলাদেশ। ঐ সিরিজে ৩-০ ব্যবধানে জয় পায় বাংলাদেশ। এরপর ঘরের মাঠে শ্রীলঙ্কা ও আফগানিস্তানকে ২-১ ব্যবধানে সিরিজ হারায় বাংলাদেশ। ঘরের মাঠে বাংলাদেশের একমাত্র সিরিজ হার ইংল্যান্ডের কাছে। তিন ম্যাচের সিরিজটি ২-১ ব্যবধানে হারে টাইগাররা।

বিদেশের মাটিতে নিউজিল্যান্ডের কাছে ৩-০ ব্যবধানে সিরিজ হারে বাংলাদেশ। জিম্বাবুয়ে সফরে ৩-০ ব্যবধানে ও দক্ষিণ আফ্রিকা সফরে ২-১ ব্যবধানে সিরিজ জয়ের স্বাদ পায় বাংলাদেশ।

আয়ারল্যান্ডের বিপক্ষে ৩-০ ব্যবধানে সিরিজ জিতে সুপার লিগে দ্বিতীয়স্থানে থেকে বিশ্বকাপে খেলতে নামার সুযোগটা হাতছাড়া করতে চাইবে না তামিম-সাকিবের বাংলাদেশ।

সূত্র: ইত্তেফাক

তিন বারের অলিম্পিক স্বর্ণ জয়ী টোরির মৃত্যু

জীবন যে বড়ই অনিশ্চিত! মৃত্যু কখন কার দুয়ারে, কে জানে। মাত্র ৩২ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন আমেরিকার ট্র্যাক অ্যান্ড ফিল্ড অ্যাথলেট টোরি বউয়ি। অলিম্পিক গেমসে তিনটি স্বর্ণ রয়েছে টোরির ঝুলিতে।

গত মঙ্গলবার (২ মে) সেই টোরির ফ্লোরিডার বাড়িতে তার মৃত দেহ পাওয়া গেছে। টোরির ম্যানেজমেন্ট কোম্পানি তার মৃত্যুর খবর সংবাদ মাধ্যমকে জানিয়েছে। তবে কীভাবে মৃত্যু সেটা জানায়নি।

আইকন ম্যানেজমেন্ট বিবৃতি দিয়ে জানিয়েছে, ‘আমরা একজন ক্লায়েন্ট, প্রিয় বন্ধু, মেয়ে এবং বোনকে হারালাম। টোরি একজন চ্যাম্পিয়ন ছিলেন। খুব উজ্জ্বল হয়ে জ্বলেছিল যে আলো! আমাদের হৃদয় সত্যিই ভেঙে গিয়েছে। আমাদের প্রার্থনা রইল ওর পরিবার, বন্ধু-বান্ধব এবং যারা টোরিকে ভালোবাসতেন।’

বেশ কয়েক দিন ধরেই টোরির কোনো খোঁজখবর ছিল না। না তাকে দেখা যাচ্ছিল, না তার ব্যাপারে কিছু জানা যাচ্ছিল। স্থানীয় প্রশাসন টোরির খোঁজ করতে গিয়েই দেহ উদ্ধার করে। তবে টোরির শরীরে কোনো আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। ২০১৬ রিও অলিম্পিকে টোরি তিনটি পদক পেয়েছিলেন। ৪*১০০ মিটার রিলেতে সোনা জিতেছিলেন টোরি। রুপার পদক এসেছিল ১০০ মিটার রিলেতে এবং ব্রোঞ্জ জয় করেন ২০০ মিটার লড়াইয়ে।

২০১৯ সালে অনুষ্ঠিত বিশ্ব অ্যাথলেটিকস চ্যাম্পিয়নশিপের লংজাম্পে চতুর্থ হয়েছিলেন টোরি। ২০১৭ সালে লন্ডনে অনুষ্ঠিত বিশ্ব চ্যাম্পিয়নশিপে টোরি ৪*১০০ মিটার ও ১০০ মিটারে সোনা জিতেছিলেন। ২০২২ সালে শেষবার আন্তর্জাতিক অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন টোরি। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে ট্র্যাক অ্যান্ড ফিল্ডের দুনিয়ায়।

সূত্র: ইত্তেফাক

দলের সঙ্গে যোগ দিয়েছেন সাকিব

আয়ারল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলতে বাংলাদেশ দল এখন ইংল্যান্ডে। এই সিরিজকে সামনে রেখে দুই বহরে ইংল্যান্ডে যায় ক্রিকেটাররা। আইপিএলের জন্য দেরিতে দলের যোগ দেন লিটন দাস ও মুস্তাফিজ রহমান। এবার বাংলাদেশ দলের সঙ্গে যোগ দিয়েছেন সাকিব আল হাসান।

শুক্রবার (৫ মে) স্থানীয় সময় সন্ধ্যা চেমসফোর্ডে পৌঁছেন সাকিব। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন বিসিবির মিডিয়া ম্যানেজার রাবিদ ইমাম।

এবারের আইপিএল থেকে নাম প্রত্যাহার করে নেন সাকিব। আর তাই ঢাকা প্রিমিয়ার লিগে (ডিপিএল) মোহামেডানের হয়ে খেলেন সাকিব। এরপর বাব-মায়ের সঙ্গে মাগুরায় ঈদ উদযাপন শেষে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান সাকিব।

সেখানে স্ত্রী ও সন্তানদের সঙ্গে প্রায় ১২ দিন কাটিয়ে অবশেষে চেমসফোর্ডে জাতীয় দলের সঙ্গে যোগ দেন সাকিব। আয়ারল্যান্ডের বিপক্ষে তিন ওয়ানডে ম্যাচ হবে যথাক্রমে ৯, ১২ এবং ১৪ মে। ইংল্যান্ডের কাউন্টি এসেক্স গ্রাউন্ড চেমসফোর্ডে হবে সিরিজের সবগুলো ম্যাচ।

আয়ারল্যান্ড সিরিজের বাংলাদেশ দল: তামিম ইকবাল (অধিনায়ক), লিটন দাস, রনি তালুকদার, নাজমুল হোসেন শান্ত, তাওহীদ হৃদয়, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম, মেহেদি হাসান মিরাজ, ইয়াসির আলী চৌধুরী, শরিফুল ইসলাম, মুস্তাফিজুর রহমান, মৃত্যুঞ্জয় চৌধুরী, এবাদত হোসেন চৌধুরী ও হাসান মাহমুদ।

সূত্র: ইত্তেফাক

বার্সেলোনা-ম্যানইউকে পেছনে ফেললো কলকাতা

বিশ্ব ক্রীড়ঙ্গনের অন্যতম সেরা দুই ক্লাব বার্সেলোনা ও ম্যানচেস্টার ইউনাইটেড। আর এই দুই ক্লাবকে পেছনে ফেলেছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) দল কলকাতা নাইট রাইডার্স। আইপিলের চলমান আসরে মাঠের খেলায় ভালো অবস্থানে নেই কলকাতা। তবে বেশ সক্রিয় ছিল সামাজিক যোগাযোগমাধ্যমে।

আর এতেই এপ্রিল মাসের ফেসবুক অ্যাঙ্গেজমেন্টে খেলাধুলাভিত্তিক পেজগুলোর মধ্যে সেরা তিনে জায়গা করে নিয়েছে কলকাতা। আর সেরা তিনে জায়গা করে নিতে পেছনে ফেলেছেন লা লিগা ও ইংলিশ প্রিমিয়ার লিগের দুই জায়ান্টস বার্সেলোনা ও ম্যানচেস্টার ইউনাইটেডকে। এপ্রিল মাসে কলকাতার সর্বমোট অ্যাঙ্গেজমেন্ট ছিল ১৯.৪ মিলিয়ন।

অন্যদিকে বার্সেলোনার ১৭.২ মিলিয়ন ও ম্যানচেস্টার ইউনাইটেডের সর্বমোট অ্যাঙ্গেজমেন্ট ছিল ১৫.৯ মিলিয়ন। চতুর্থস্থানে বার্সেলোনা আর পঞ্চমস্থানে জায়গা করে নিয়েছে ম্যানচেস্টার ইউনাইটেড। আর ২২ মিলিয়ন অ্যাঙ্গেজমেন্ট নিয়ে তালিকার দ্বিতীয়স্থানে আছে ম্যানচেস্টার সিটি। আর ২৫.৯ মিলিয়ন অ্যাঙ্গেজমেন্ট নিয়ে সবার শীর্ষে আছে রিয়াল মাদ্রিদ।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন নেই ১২ বছর

দীর্ঘ ১২ বছর মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন নেই। বেশ কয়েকবার প্রস্তুতি নেয়া হলেও তা সম্ভব হয়নি। শেষবার ২০১৭ ও ২০২০ সালে নির্বাচনের প্রস্তুতি নেওয়া হলেও শেষ পর্যন্ত মামলা জটিলতায়

সেটাও ভেস্তে গেছে। দীর্ঘদিন খেলাধুলা না থাকায় স্থবির হয়ে পড়েছে জেলা ক্রীড়াঙ্গন।

১২ বছর ধরে সরকারি কর্তাদের দিয়েই চলছে মেহেরপুর ক্রীড়া সংস্থার কার্যক্রম। ফলে ধীর ধীরে গতি হারিয়ে ফেলছে মেহেরপুর জেলার ক্রীড়াক্ষেত্র। যদিও চলছে খেলোয়াড়দের অনুশীলন। তবে, একটি সূত্রের দাবী এই ক্রীড়া ফেডারেশনে নির্বাচিত কমিটি না আসার পেছনে দায়ী সংগঠকরা।

নির্বাচনের তফশিল ঘোষণা করলেই নির্বাচনকে সামনে রেখে অ্যাডহক কমিটির লোকজন দৌড়ঝাপ শুরু করে। খেলার উন্নয়নে কোনো কার্যক্রম দেখা মেলেনা।

মেহেরপুর ক্রীড়া চক্রের শেষ নির্বাচন হয়েছিল ২০০৮ সালে। তারপর ২০১২ সালে নির্বাচন হওয়ায় কথা থাকলেও সেটা আর হয়নি। শেষ নির্বাচিত কমিটির সাধারণ সম্পাদক ছিলেন সালাহ উদ্দীন আহমেদ আবলু। বিভিন্ন সময়ে বরাদ্দকৃত অর্থ তছনছ করার অভিযোগ উঠলে সালাহ উদ্দীন আহমেদ আবলুকে প্রশাসনের পক্ষ থেকে কালো তালিকা করে তাকে বাদ দিয়ে নির্বাচন দিতে গেলে সে মামলা করে। সেই মামলার অযুহাতে আটকে রয়েছে নির্বাচন।

একটি সূত্র জানায়, জেলা ক্রীড়া সংস্থার মোট সদস্য সংখ্যা ১০৯ জন। তৎকালিন সাধারণ সম্পাদক সালাহ উদ্দীন আহমেদ আবলুকে বাদ দিয়ে ১০৮ সদস্যের নাম ঘোষণা করে প্রশাসন। এতেই ক্ষিপ্ত হয়ে ওঠেন আবলু।

পরে তাকে বাদ রেখে প্রশাসনের পক্ষ থেকে ১৫ সদস্যের অ্যাডহক কমিটি গঠণ করে। আগের ১০৮ সদস্যের তালিকা বাদ রেখে পরে ৬৬ সদস্যের একটি ভোটার তালিকা তৈরী করে প্রশাসন। এই ১৫ সদস্যের এ্যাডহক কমিটির বিরুদ্ধে মামলা করেন আবলু।

নাম না প্রকাশ করার শর্তে একজন সংগঠক বলেন, সরকারিভাবে সেসব খেলাধুলা হওয়ার কথা থাকলেও কোনোরকম নয় ছয় করে কিছু খেলার আয়োজন করা হয়ে থাকে। তবে, প্রায় ৬ বছর যাবৎ আয়োজন করা হয়নি ক্রিকেটলীগ। এছাড়া স্থানীয়ভাবে খেলাধুলার আয়োজন করার কথা থাকলেও কমিটির কারণে সেই খেলাগুলো করানো হয়না। শহরের ইয়োলো ক্রীড়া চক্র, ব্রাইট স্টার ক্রীড়া চক্র ও ক্লাসিক ক্রিকেট টীমের কয়েকজন কর্মকর্তা জানান, মেহেরপুর থেকে সব ধরণের খেলা ধুলা প্রায় উঠে গেছে। মেহেরপুরে মামলা জটের কারণে, ক্রীড়া পরিষদের নির্বাচন

হয়না। জেলার একজন প্রতিমন্ত্রী থাকলেও তার কোনো ভূমিকাও নিতে দেখা যায়নি। সরকারি আমলারা তাদের নিজের মত করে চালাচ্ছে ক্রীড়া সংস্থাটি।

গতকাল বিকাল পর্যন্ত মেহেরপুর স্টেডিয়ামে থাকলেও কোনো খেলোওয়ারের দেখা মেলেনি। শুধুমাত্র অফিস সহায়ক আসাদুল ইসলাম স্বপনকে পাওয়া গেছে। অফিস পাহারা দিচ্ছিলেন তিনি।

আসাদুল ইসলাম স্বপন বলেন, আমাকে যেভাবে চালায় সেভাবেই চলতে হবে। তিনি আক্ষেপ করে বলেন, ক্রীড়া সংস্থার নির্বাচন না হওয়াতে আমাদেরও সমস্যা। কারণ, কোনো সমস্যার কথা সরকারি কর্মকর্তাদের সব সময় বলা সম্ভব হয়না। কিন্তু ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদককে বলা সম্ভব হয়।

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার অ্যাডহক কমিটির সদস্য ও মেহেরপুর পৌর সভার প্যানেল মেয়র শাহীনুর রহমান রিটন বলেন, প্রায় ১২ বছরের কাছা কাছি মেহেরপুর ক্রীড়া সংস্থা ক্রিকেট লীগের কোনো আয়োজন করতে পারেনি। এছাড়া কমিটির নির্বাচনও প্রায় ১২ বছর হয়নি। একটা অবৈধ কমিটি দিয়ে চলছে ক্রীড়া সংস্থার কার্যক্রম। আমি মনে করি রাজনৈতিক কারণেই ১২ বছর যাবৎ কমিটির নির্বাচন হয়নি। তিনি প্রশ্ন করে বলেন, সাধারণ সম্পাদকের অর্থনৈতিক কেলেংকারির জন্যই যদি ১২ বছর যাবৎ কমিটি গঠণ করা সম্ভব না হয় তাহলে বেআইনী কমিটি দিয়ে কিভাবে জেলা ক্রীড়া সংস্থার মাটি ভরাট, গ্যালারী তৈরী, রং করণ ও মার্কেট নির্মাণ হয়েছে। এই কমিটির এখতিয়ার আছে কিনা জানতে চান তিনি।

শাহিনুর রহমান রিটন আরো বলেন, জেলা প্রশাসক এবিষয়ে ভূমিকা রাখতে পারেন। কমিটি না থাকার কারণে মেহেরপুর জেলাবাসি বিভিন্ন ক্রীড়া থেকে বঞ্ছিত হচ্ছেন।

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম বলেন, জেলা ক্রীড়া সংস্থা সব সময় সচল রাখা উচিৎ। কারন, ক্রীড়াঙ্গণের মডেল রোল প্লে করে জেলা ক্রীড়া সংস্থা। জেলা ক্রীড়া সংস্থা সচল করতে সব ধরণের ব্যবস্থা করা হবে।